

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 02-02-2026

Desk in Charge: S.D.G.

Time : 1-40 PM

Compiling : Priya B.

DEO : KB

NRT : Priya B.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে রাজ্যের পরিকাঠামো ও শিল্প ক্ষেত্রের উন্নয়নে বেশ কিছু প্রকল্পের ঘোষণা করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।
- ২) রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে।
- ৩/ SIR নিয়ে আলোচনার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে এক বৈঠকে বসছেন।
- ৪/ কড়া নিরাপত্তায় চলতি বছরের মাধ্যমিকের প্রথম দিনের পরীক্ষা আজ অনুষ্ঠিত হচ্ছে।
- ৫/ আজ বিশ্ব জলাভূমি দিবস। জলাভূমি সংরক্ষণ নিয়ে মানুষকে সচেতন করতে দিনটি পালিত হয়।

২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে রাজ্যের পরিকাঠামো ও শিল্প ক্ষেত্রের উন্নয়নে বেশ কিছু প্রকল্পের ঘোষণা করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। রাজ্যের শিল্পায়ন ও যোগাযোগ ব্যবস্থাকে টেলে সাজাতে ‘পূর্বোদয়’ প্রকল্পের আওতায় একাধিক মেগা প্রকল্পের ঘোষণা করা হয়েছে এবারের বাজেটে। দুর্গাপুরে নতুন শিল্প তালুক থেকে শুরু করে বারাণসী-শিলিগুড়ি হাই-স্পিড রেল, পশ্চিমবঙ্গের জন্য রয়েছে একগুচ্ছ উন্নয়ন প্রকল্প।

রাজ্যের শিল্প ক্ষেত্রে প্রাণ সঞ্চারে দুর্গাপুরকে কেন্দ্র করে একটি সমন্বিত শিল্প তালুক বা Industrial Node তৈরির প্রস্তাব দিয়েছেন অর্থমন্ত্রী। এটি মূলত অমৃতসর-কলকাতা শিল্প করিডরের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে কাজ করবে। পাশাপাশি, ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত একটি বিশেষ পণ্যবাহী রেল করিডর তৈরির ঘোষণা করা হয়েছে, যা দুই রাজ্যের মধ্যে বাণিজ্যকে আরও সহজতর করবে।

রেল পরিকাঠামোর উন্নয়নে বাজেটে অমৃত ভারত প্রকল্পের অধীনে শিয়ালদা সহ রাজ্যের ৯৪টি স্টেশনের আধুনিকীকরণের কাজ দ্রুত শেষ করার কথা বলা হয়েছে।

উত্তরবঙ্গের মানুষের সুবিধার জন্য ঘোষণা হয়েছে বারাণসী-শিলিগুড়ি হাই-স্পিড রেল করিডর, যা পর্যটন ও ব্যবসা উভয় ক্ষেত্রেই পট পরিবর্তনকারী হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে। কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেডের ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডরে বরাদ্দ করা হয়েছে ৫২৯ কোটি টাকা। জোকা-বিবাদি বাগ প্রকল্পে ৯০৬ কোটি টাকা এবং দমদম বিমানবন্দর-নিউ গড়িয়া প্রকল্পে বরাদ্দ হয়েছে ৭০৫ কোটি টাকার বেশি।

রাজ্যের ঐতিহ্যবাহী পাট শিল্পের আধুনিকীকরণের জন্য বিশেষ সহায়তার পাশাপাশি বন্যা নিয়ন্ত্রণে উত্তরবঙ্গের তিস্তা ও জলঢাকা নদীর সংস্কারে কেন্দ্রীয় সহায়তার কথাও বাজেটে বলা হয়েছে। পর্যটন বিকাশ উদ্যোগের মাধ্যমে রাজ্যের ঐতিহ্যবাহী স্থানগুলিকে বিশ্বমানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার পরিকল্পনাও সরকারের রয়েছে বলে মনে করা হচ্ছে।

রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। অধিবেশন চলবে ৯ ই ফেব্রুয়ারি পর্যন্ত। শোক প্রস্তাব গ্রহণের পর অধিবেশন দিনের মতো মূলতুবি হয়ে যাবে। পাঁচ-ই ফেব্রুয়ারি অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বিধানসভা ভোটের আগে তিনমাসের জন্য রাজ্যের ‘অন্তর্বর্তীকালীন বাজেট’ প্রস্তাব পেশ করবেন।

এদিকে, অধিবেশনের আগে আজ দুপুরে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরহিত্য সর্বদলীয় বৈঠক হবে। পরে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকও ডাকা হয়েছে।

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ নিয়ে আলোচনার জন্য মুখ্য নির্বাচন কমিশনার আজ বিকেলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে সাক্ষাতের সময় দিয়েছে। বিকেল চারটেয় নির্বাচন সদনে ওই বৈঠকে উপস্থিত থাকবেন তৃণমূল কংগ্রেসের ১৫ সদস্যের প্রতিনিধি দল। SIR-এ ক্ষতিগ্রস্ত বলে রাজ্যের শাসক দল চিহ্নিত ব্যক্তিদের সেখানে যাওয়ার কথা।

এদিকে, নতুন দিল্লিতে বঙ্গভবনে আজ সকালে দিল্লি পুলিশের তল্লাশি চালানোর অভিযোগে সরব হয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। রাজ্যে SIR-এর কারণে হয়রানির শিকার হয়েছেন- এই অভিযোগে দিল্লি গেছেন বেশ কিছু পরিবার। তারাই বর্তমানে বঙ্গভবনে রয়েছেন। দিল্লি পুলিশ তাঁদের হেনস্থা করছে বলে অভিযোগ শাসকদলের।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ সহ দেশের ১২ টি রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনের যে কাজ চলছে, তৃণমূল কংগ্রেস প্রথম থেকেই তার বিরুদ্ধাচারণ করে আসছে।

এদিকে, নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করায়, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর তীব্র সমালোচনা করেছেন বিরোধী

দলনেতা

শুভেন্দু

অধিকারী।

(বাইট- শুভেন্দু)

কড়া নিরাপত্তায় চলতি বছরের মাধ্যমিকের প্রথম দিনের পরীক্ষা আজ অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার্থীর সংখ্যা- ৯ লক্ষ ৭১ হাজার ৩৪০ জন। তাদের মধ্যে এবার ছাত্রীর সংখ্যা পাঁচ লক্ষ ৪৪ হাজার ৬০৬ জন। ছাত্রদের সংখ্যা- ৪ লক্ষ ২৬ হাজার ৭৩৩। ২ হাজার ৬৮২টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হচ্ছে। এবার পরীক্ষা চলবে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত।

মুর্শিদাবাদের কান্দিতে পথ দুর্ঘটনায় চার মাধ্যমিক পরীক্ষার্থী আহত হয়েছে। পুলিশের সহায়তায় দুজনকে পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দেওয়া হলেও বাকি দুজন কান্দি মহকুমা হাসপাতালে বসেই পরীক্ষা দিচ্ছে। জজান কেনারাম উচ্চ বিদ্যালয়ের ওই চার ছাত্রের পরীক্ষার সিট পড়েছিল কান্দি জেমো নরেন্দ্র নারায়ণ উচ্চ বিদ্যালয়ে। বাড়ি থেকে চার বন্ধু একসঙ্গে মোটর বাইকে পরীক্ষা দিতে যাওয়ার সময় একটি টোটোর সঙ্গে তাদের সংঘর্ষ হয়।

মহম্মদ আজিম মল্লিক এবং সামিম শেখের অবস্থা গুরুতর হলে কান্দি মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইফরান মল্লিক ও আজিম শেখ-কে পুলিশ নিরাপদে পরীক্ষা কেন্দ্রে পৌঁছে দেয়।

কোচবিহারের তুফানগঞ্জ নাককাটি হাই স্কুলে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন স্কুলে ঢাকার সময় গ্যাস সিলিন্ডারে আগুন লেগে বিস্ফোরণে চাঞ্চল্য ছড়ায়। যদিও ঘটনায় কেউ আহত হয়নি। পুলিশ জানিয়েছে, আগুন লাগতেই গ্যাস সিলিন্ডারটি বাইরে বের করে দেওয়া হয়।

এদিকে, জঙ্গল এলাকায় পেরিয়ে সুষ্ঠুভাবে যাতে মাধ্যমিকপরীক্ষার্থীরা কেন্দ্রে পৌঁছতে পারেন সেব্যাপারে উদ্যোগী হয়েছে বনদপ্তর। পশ্চিম মেদিনীপুরের গুড়গুড়িপাল থানার

বিস্তীর্ণ এলাকায় রয়েছে ঘন জঙ্গল। বনদপ্তরের পক্ষ থেকে পরীক্ষার্থীদের এসকট করে কেন্দ্রে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

বাগডোগরা ও আশপাশের বনাঞ্চলে হাতিও চিতা বাঘের আনাগোনা থাকায় পরীক্ষার্থীদের সুরক্ষিতভাবে কেন্দ্রে পৌঁছে দিতে বনবিভাগ ও পুলিশ বিশেষ ব্যবস্থা নিয়েছে।

এদিকে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের পক্ষ থেকেও বেশ কয়েকটি বাস দেওয়া হয়েছে জঙ্গল এলাকার জন্য। জলপাইগুড়ির গরুমারা, জলপাইগুড়িও বৈকুণ্ঠপুর ডিভিশনের জঙ্গলঘেরা এলাকাগুলির পরীক্ষার্থীদের জন্য বিশেষ যানের ব্যবস্থা করা হয়েছে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে আজ বিশ্ব জলাভূমি দিবস পালিত হচ্ছে। জলাভূমি সংরক্ষণ সম্পর্কে মানুষকে সচেতন করতে বিশ্বজুড়ে সচেতনতা প্রসার মূলক অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষা, জীববৈচিত্র্য, কৃষি ও কৃষিজ উৎপাদন, মৎস্য চাষ, খাদ্য সুরক্ষার মতো অপরিহার্য বিষয়গুলিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে জলাভূমি। জলাভূমির এই অপারিসীম গুরুত্বের জন্য ১৯৭১ সালের দোসরা ফেব্রুয়ারি ইরানের রামসার শহরে ইউনেস্কো-র তত্ত্বাবধানে পরিবেশ বিষয়ক এক সম্মেলনে জলাভূমির ব্যবহার ও সংরক্ষণের জন্য একটি আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়। ১৯৭৫ সালে রামসার সম্মেলনের চুক্তি কার্যকর করার মধ্য দিয়ে দোসরা ফেব্রুয়ারি থেকে বিশ্ব জলাভূমি দিবস উদযাপন শুরু হয়।

দক্ষিণ কলকাতার ঢাকুরিয়ার গোলপার্কের কাঁকুলিয়া রোডে গোষ্ঠীর সংঘর্ষের ঘটনায় পুলিশ ১০ জনকে গ্রেপ্তার করেছে। এই ঘটনায় তিনটি মামলা দায়ের হয়েছে। আগেই জানানো হয়েছে, গতরাতে এলাকা দখলকে কেন্দ্র করে পঞ্চগনন তলায় দুই গোষ্ঠীর সংঘর্ষ বাধে। বোমাবাজির পাশাপাশি গুলি চলে বলেও অভিযোগ। ভাঙচুর করা হয়

পুলিশের গাড়ি। ছোঁড়া হয় ইট। এই ঘটনায় চারজন আহত হয়েছেন বলে খবর। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, শাসকদলের ঘনিষ্ঠ সোনা পাঙ্গু নামে একজন দুষ্কৃতির লোকজন এলাকা দখলের জন্য হামলা চালায়। পরে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অকুস্থল থেকে উদ্ধার হয়েছে বেশকিছু গুলির খোল এবং বোমার সুতলি।

ঘটনার খবর পেয়ে তৃণমূল কংগ্রেসের কাউন্সিলার বৈশ্বানর চট্টোপাধ্যায় এবং তাঁর স্ত্রী ৯০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার চৈতালী চট্টোপাধ্যায় সেখানে গেলে তাদের ঘিরে ধ'রে বিক্ষোভ দেখানো হয়। এলাকা দখলের অভিযোগ অবশ্য অস্বীকার করেছেন বৈশ্বানর। তাঁর দাবি পিকনিককে কেন্দ্র করে অশান্তি হয়েছে।

এদিকে, এই ঘটনায় রাজ্য সরকার এবং পুলিশ প্রশাসনকেই দায়ী করেছেন বিরোধী দলনেতা দিলীপ ঘোষ।

(বাইট- দিলীপ)

বিরোধী রাজনৈতিক দলের বিধায়ক, মন্ত্রী ও সাংসদদের অনুষ্ঠানে যাতে কোনরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে, তা সুনিশ্চিত করতে পুলিশকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, এব্যাপারে পুলিশকে সতর্ক থাকার এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার কথা জানিয়েছেন। বিরোধী দলের নেতা, মন্ত্রী, বিধায়কদের যে কোন অনুষ্ঠানে তৃণমূল সমর্থকদের উপস্থিতি নিয়ন্ত্রণ করার আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সভা বা অনুষ্ঠান স্থলের ২০০ মিটারের মধ্যে শাসক দলের কোন কর্মী সমর্থক যাতে পৌঁছাতে না পারে, সেই মর্মে গাইডলাইন বেধে দেওয়ার আর্জি জানান তিনি।

১৮ ফেব্রুয়ারি এই মামলার পরবর্তী শুনানি।

শব্দ দূষণ নিয়ন্ত্রণে শবেবরাতের রাতে আতশবাজি ফাটানোর ওপর কড়া নিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ-সারথি সেনের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, ওই দিন রাত ১০ টা থেকে ভোর ৬ টা পর্যন্ত আতশবাজি ফাটানো যাবে না। তবে, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নিয়ম মেনে পরিবেশ বান্ধব বাজি পোড়ানো যাবে। নির্দেশ অমান্য করলে অভিযুক্তদের বিরুদ্ধে কঠর ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, ক্যালেন্ডার অনুযায়ী আগামী চৌঠা ফেব্রুয়ারি শবেবরাত। আতশ বাজি পোরানো নিয়ে আদালতের হস্তক্ষেপ চেয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলার প্রেক্ষিতেই এই নির্দেশ।
